

# 💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৪৪৩

পর্ব-১৫: কসম ও মানৎ (کتاب الأيمان والنذور)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - মানৎ

### আরবী

وَعَن سعيد بن الْمسيب: أَنَّ أَخَوَيْنِ مِنَ الْأَنْصَارِ كَانَ بَيْنَهُمَا مِيرَاتُ فَسَأَلَ أَحَدُهُمَا صَاحِبَهُ الْقِسْمَةَ فَكُلُّ مَالِي فِي رِتَاجِ الْكَعْبَةِ فَقَالَ لَهُ عَمْرُ: إِنَّ الْكَعْبَةَ غَنِيَّةٌ عَنْ مَالِكَ كَفِّرْ عَنْ يَمِينِكَ وَكَلِّمْ أَخَاكَ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ عَمْرُ: إِنَّ الْكَعْبَةَ غَنِيَّةٌ عَنْ مَالِكَ كَفِّرْ عَنْ يَمِينِكَ وَكَلِّمْ أَخَاكَ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «لَا يَمِينَ عَلَيْكَ وَلَا نَذْرَ فِي مَعْصِيةِ الرَّبِّ وَلَا فِي قَطِيعَةِ الرَّبِّ وَلَا فِي قَطِيعَةِ الرَّبِ وَلَا فِي مَا لَا يَملك» . رَوَاهُ أَبُو دَاوُد

#### বাংলা

৩৪৪৩-[১৮] সা'ঈদ ইবনু মুসাইয়্যাব (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, দুই আনসারী ভাই কারো কাছ থেকে মীরাস (উত্তরাধিকার) পেল। অতঃপর এক ভাই অপর ভাইয়ের নিকট তা ভাগ-বন্টন করার অনুরোধ করল। তখন সে বলল, যদি তুমি আমার নিকট পুনরায় বন্টনের কথা বল, তাহলে আমার সমস্ত ধন-সম্পদ কা'বার জন্য দান করে দেব। অতঃপর 'উমার তাকে বললেন, কা'বাহ তোমার ধন-সম্পদের মুখাপেক্ষী নন। সুতরাং তুমি তোমার কসমের কাফফারা আদায় কর এবং তোমার ভাইয়ের সাথে এ ব্যাপারে কথাবার্তা বল। কেননা আমি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, কসম ও মানৎ পূরণ করতে নেই- রব্ের নাফরমানীর কাজে, আত্মীয়তার বন্ধন ছিন্ন করার ব্যাপারে এবং এমন জিনিসে, যার মালিক তুমি নও। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] হাসান : আবূ দাউদ ৩২৭২, মুসতাদরাক লিল হাকিম ৭৮২৩, সহীহ আল জামি' ৭৭৯৩।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: নিহায়াহ্ গ্রন্থে رُنَايَّ অর্থ এখানে উদ্দেশ্য কা'বাহ্ ঘর। কারণ যে কা'বাহ্ ঘরের উদ্দেশে উৎসর্গ দরজার জন্য না। দরজা দ্বারা রূপক অর্থ গ্রহণ করা হয়েছে, কেননা দরজা দিয়ে প্রবেশ করে।



ত্বীবী বলেন, (لَا يَمِیْنَ عَلَیْك) এর মর্মার্থ তুমি যা মানৎ করেছ তা পুরো করতে হবে না, আর মানৎকে কসম নামে। এজন্য বলা হয়েছে, কসমের মাধ্যমে যা অপরিহার্য হয় মানতের মাধ্যমে তাই হয়।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ,)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন